



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১১০১

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৪৫/ ২১৬৪/৪

তারিখঃ ২১/০৩/২০১৭খ্রিঃ


বিষয় : কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০২৩.০৫.০০৭.০৬-১০৫; তারিখঃ ০৮.০২.২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৪৫/১৩২৭/৪; তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাবীন অষ্টধার বালিয়াপাড়া আলিম মাদরাসার অধ্যক্ষের বিরুদ্ধে গভার্ণিং বডি'র সভাপতি ও অভিভাবক সদস্য পৃথক পৃথকভাবে অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রদ্বয়ে অধ্যক্ষের বিরুদ্ধে অনুদানের অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার, স্বচ্ছচারিতা, জালিয়াতিসহ বিভিন্ন দুর্নীতির বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, সহকারী কমিশনার, ময়মনসিংহ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে জেডিসি পরীক্ষা/২০১৬ এর পরীক্ষার্থীদের নিকট থেকে বোর্ড কর্তৃক নির্ধারিত ২৫০/- টাকা ফি এর পরিবর্তে ১০৫০/- টাকা গ্রহণ এবং হাজিরা খাতায় ফ্লুইড ব্যবহার করে স্বাক্ষর দেয়ার বিষয়টি প্রমানিত হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রমাণিত অভিযোগের দায়ে আপনার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮


প্রাপকঃ অধ্যক্ষ, অষ্টধার বালিয়াপাড়া আলিম মাদরাসা, সদর, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৪৫/

তারিখঃ ২১/০৩/২০১৭খ্রিঃ

~~সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-~~

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
৫. সভাপতি/সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, অষ্টধার বালিয়াপাড়া আলিম মাদরাসা, সদর, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪